Advocates for Children of New York
Protecting every child's right to learn

# K-8 শ্রেণীতে ইংরাজি ভাষার শিক্ষার্থীদের (ELL) জন্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলির উত্তীর্ণ করার নীতি

শিক্ষার্থীদের শ্রেণী এবং তারা কত বছর ধরে তারা ইউ.এস. এর স্কুলে ভর্তি আছে তার ওপর ভিত্তি করে ইংরাজি ভাষার শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, ELL) পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার নিজস্ব মানদণ্ড আছে। নিম্নলিখিত মানদণ্ডগুলির সঙ্গে সঙ্গে ELL দের ইংরাজি ভাষায় দক্ষতার স্তর নির্ধারণ করার জন্য প্রতি বসন্তকালে নিউ ইয়র্ক দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজিতে পারদর্শিতার পরীক্ষা (নিউ ইয়র্ক ইংলিশ অ্যাস সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট, NYSESLAT) দিতে হয়।

## কিন্ডারগার্টেন থেকে 2য় শ্রেণী

কিন্ডারগার্টেন, 1ম শ্রেণী এবং 2য় শ্রেণীতে প্রিন্সিপাল সিদ্ধান্ত নেন যে একজন ELL কে পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ করা হবে কিনা। সিদ্ধান্ত নেওয়ার আগে প্রিন্সিপাল আপনাকে জানাবেন এবং আপনার এবং আপনার সন্তানের শিক্ষক, উভয়ের সঙ্গে আপনার সন্তানের অগ্রগতি নিয়ে আলোচনা করবেন। **আপনার সন্তানকে শুধুমাত্র তার ইংরাজিতে সীমিত দক্ষতার কারণে একই শ্রেণীতে রেখে দেওয়া উচিৎ নয়।**

## 3য় শ্রেণী থেকে 7ম শ্রেণী

আপনার সন্তান যদি কোনও ইউ.এস. স্কুলে 2 বছরের বেশি কিন্তু 6 বছরের কম সময় ধরে পড়াশুনা করে থাকে অথবা যদি আপনার সন্তান প্রথাগত শিক্ষা ব্যাহত হয়েছে এমন একজন ছাত্র (স্টুডেন্ট উইথ ইন্টারাপ্টেড ফর্মাল এডুকেশন, SIFE) হয় তাহলে তাকে অবশ্যই:

- ছাত্রের কাজ, কোর্সের গ্রেড এবং পরীক্ষার ভিত্তিতে কমন কোর ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) স্ট্যান্ডার্ডে একটি নতুন ভাষা হিসাবে ইংরাজিতে (ইংলিশ অ্যাস এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL) যথেষ্ট অগ্রগতি প্রদর্শন করতে হবে।
- মাতৃভাষা বা ENL পদ্ধতি ব্যবহার করে ইংরাজিতে কমন কোর গণিতের স্ট্যান্ডার্ডে যথেষ্ট অগ্রগতি প্রদর্শন করতে হবে।

যদি আপনার সন্তান একটি ইউ.এস. স্কুলে 6 বছরের বেশি সময় ধরে পড়াশুনা করে তাহলে অন্যান্য শিক্ষার্থীদের জন্য ব্যবহৃত মানদণ্ড অনুসারেই তার মূল্যায়ন করা হবে। পরের শ্রেণীতে উত্তীর্ণ করা হবে কিনা সেটা সারা বছর শিক্ষার্থী যে কাজ করেছে তার পর্যালোচনা অনুসারে নির্ধারণ করা হবে, যার মধ্যে থাকবে:

- স্টেট টেস্টের স্কোরগুলি
- কোর্সের গ্রেড
- রিপোর্ট কার্ডগুলি
- শিক্ষার্থীর লেখার নমুনা
- প্রোজেক্টগুলি
- অ্যাসাইনমেন্টগুলি

আপনার সন্তান যদি ইউ.এস. স্কুলে 2 বছরের কম সময় ধরে পড়াশুনা করে তাহলে তার মূল্যায়ন উপরের উত্তীর্ণ করার মানদণ্ড অনুসারে করা হবে না।

**আপনার সন্তানকে তার ইংরাজিতে দক্ষতা কম থাকার কারণে একই ক্লাসে রেখে দেওয়া উচিৎ নয়।**

### *আপনার সন্তান কি একজন SIFE?*

SIFE এর অর্থ হল এমন একজন ছাত্র যার প্রথাগত শিক্ষা ব্যাহত হয়েছে (স্টুডেন্ট উইথ ইন্টারাপ্টেড ফর্মাল এডুকেশন) এবং এটি সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হয় যারা এমন গৃহে বসবাস করে যেখানে ইংরাজি ছাড়া অন্য ভাষায় কথা বলা হয়। একজন শিক্ষার্থীকে SIFE যোগ্যতা দেওয়া হয় যদি সে কোনও ইউ.এস. স্কুলে 2য় শ্রেণীর পরে ভর্তি হয়, সহপাঠীদের তুলনায় স্কুলে দুই বছর কম পড়ে থাকে এবং গৃহের ভাষায় পাঠ করা এবং/অথবা গনিতে তার পারদর্শিতা প্রত্যাশিত শ্রেণীর স্তর থেকে কমপক্ষে 2 বছর নীচের স্তরে থাকে।

# **8ম শ্রেণী**

আপনার সন্তান যদি কোনও ইউ.এস. স্কুলে **1-2 বছর** পড়াশুনা করে **অথবা** আপনার সন্তান যদি SIFE রূপে বিবেচিত হওয়ার যোগ্য হয় তাহলে তাকে অবশ্যই:

- শিক্ষার্থীর কাজ, কোর্সের গ্রেড এবং পরীক্ষার ভিত্তিতে কমন কোর ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) স্ট্যান্ডার্ডের ক্ষেত্রে যথেষ্ট ENL অগ্রগতি প্রদর্শন করতে হবে।
- মাতৃভাষা বা ENL পদ্ধতি ব্যবহার করে ইংরাজি ভাষায় কমন কোর গণিতের স্ট্যান্ডার্ডে যথেষ্ট অগ্রগতি প্রদর্শন করতে হবে।

আপনার সন্তান যদি কোনও ইউ.এস. স্কুলে **2-4 বছর** ধরে পড়াশুনা করে থাকে তাহলে তাকে অবশ্যই:

- NYSESLAT, ELL শিক্ষার্থীদের নেওয়া অন্যান্য পরীক্ষায় প্রত্যাশিত উন্নতি প্রদর্শন করতে হবে বা কমন কোর ELA স্ট্যান্ডার্ডে যথেষ্ট অগ্রগতি প্রদর্শন করতে হবে।
- মাতৃভাষায় বা ENL পদ্ধতি ব্যবহার করে ইংরাজি ভাষায় কমন কোর গণিতের স্ট্যান্ডার্ডসে যথেষ্ট অগ্রগতি প্রদর্শন করতে হবে।

আপনার সন্তান যদি কোনও ইউ.এস. স্কুলে 4 বছরের বেশি সময় ধরে পড়াশুনা করে থাকে তাহলে অন্যান্য শিক্ষার্থীদের জন্য ব্যবহৃত মানদণ্ড অনুসারেই তার মূল্যায়ন করা হবে। পরের শ্রেণীতে উত্তীর্ণ করা হবে কিনা সেটা সারা বছর ধরে শিক্ষার্থী যে কাজ করেছে তার পর্যালোচনা অনুসারে করা হবে, যার মধ্যে থাকবে:

- স্টেট টেস্টের স্কোরগুলি
- কোর্সের গ্রেড
- রিপোর্ট কার্ডগুলি
- শিক্ষার্থীর লেখার নমুনা
- প্রোজেক্টগুলি
- অ্যাসাইনমেন্টগুলি

**পরামর্শ:**
এটা আবশ্যিক নয় যে আপনার সন্তানের স্কুলকে উত্তীর্ণ করার সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার সঙ্গে সাক্ষাৎ করে তাকে উত্তীর্ণ করার বিষয়টি নিয়ে আলোচনা করতে হবে। আপনার সন্তান যাতে সারা বছর ধরে অগ্রগতি করে সেটা নিশ্চিত করার জন্য আপনার মাঝে মাঝেই আপনার সন্তানের শিক্ষকের সঙ্গে দেখা করা গুরুত্বপূর্ণ।

আপনার সন্তান যদি ইউ.এস. স্কুলে **1 বছরের কম সময় ধরে** পড়াশুনা করে তাহলে তার মূল্যায়ন উত্তীর্ণ করার মানদণ্ড অনুসারে করা হবে না।

## **3—8 শ্রেণীর জন্য স্টেট টেস্ট**

এক বছর ইউ.এস. স্কুলে থাকার পড়ে ELL দের অন্যান্য সমস্ত শিক্ষার্থীদের সঙ্গে স্টেট পরীক্ষা দিতে হয়।

স্টেট পরীক্ষার নম্বর উত্তীর্ণ করার ক্ষেত্রে একমাত্র বিচার্য বিষয় নয়। একজন ELL কে শুধুমাত্র তার স্টেট পরীক্ষার স্কোরের জন্য একই ক্লাসে রেখে দেওয়া যাবে না।

ELL'দের স্টেট পরীক্ষার সময় পরীক্ষার সুযোগসুবিধাগুলি পাওয়ার অধিকার আছে, যার মধ্যে আছে:

- পরীক্ষা শেষ করার জন্য বেশি সময় পাওয়া
- একটি আলাদা জায়গায় বা ছোট দলে পরীক্ষা দেওয়া
- একটি দ্বিভাষিক অভিধান ব্যবহার করা

3—8 শ্রেণীর গণিত পরীক্ষা চীনা ভাষা, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, রুশী ভাষা এবং স্পেনীয় ভাষায় উপলভ্য। 4র্থ এবং 8ম শ্রেণীর বিজ্ঞানের পরীক্ষা এবং 4র্থ এবং 8ম শ্রেণীর সোশ্যাল স্টাডিজ পরীক্ষা চীনা ভাষা, হাইতিয়ান ক্রেওল এবং স্পেনীয় ভাষায় উপলভ্য। যে সমস্ত শিক্ষার্থীরা অন্যান্য ভাষাভাষী তারা তাদের পরীক্ষাগুলির অনুবাদ পেতে পারেন। গণিত, বিজ্ঞান এবং সোশ্যাল স্টাডিজের পরীক্ষায় শিক্ষার্থীরা বর্ণনামূলক প্রশ্নের উত্তরগুলি তাদের মাতৃভাষায় লিখতে পারেন।

**দ্রষ্টব্য:** এই সুযোগসুবিধাগুলি NYSESLAT পরীক্ষার সময় পাওয়া যায় না, যে পরীক্ষায় আপনার সন্তানের ইংরাজি ভাষার দক্ষতা পরীক্ষা করা হয়।

## যদি এমন হয় যে আমার সন্তান উত্তীর্ণ হওয়ার আবশ্যকতাগুলি পূরণ করছে না, তাহলে কি হবে ?

আপনার সন্তানের শিক্ষক হেমন্তকালের পিতামাতা-শিক্ষকের আলোচনাসভায় আপনাকে জানাবেন এবং আপনি তাদের কিভাবে সাহায্য করা যায় সে বিষয়ে আলোচনা করার সুযোগ পাবেন। আপনি এই আলোচনা আবার বসন্তকালের পিতামাতা-শিক্ষকের আলোচনাসভায় করতে পারবেন।

## একটি "উত্তীর্ণ হওয়া নিয়ে সংশয় আছে" (প্রমোশন ইন ডাউট) চিঠি কি ?

আপনার সন্তানের যদি উত্তীর্ণ না হওয়ার ঝুঁকি থাকে তাহলে আপনাকে সেটা জানিয়ে 15ই ফেব্রুয়ারি বা তার আগে একটি চিঠি পাঠানো হবে। আপনার সন্তানকে কি ভাবে সাহায্য করা যায় সেটা নিয়ে আপনার সন্তানের শিক্ষক এবং প্রিন্সিপালের সঙ্গে আলোচনা করা গুরুত্বপূর্ণ।

## আমি "উত্তীর্ণ হওয়া নিয়ে সংশয় আছে" চিঠি পাওয়ার পরে প্রিন্সিপাল কিভাবে সিদ্ধান্ত নেবেন যে আমার সন্তানকে উত্তীর্ণ করা হবে কিনা ?

K-2 শ্রেণীর শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রিন্সিপাল শিক্ষক এবং পিতামাতার সঙ্গে আলোচনা করার পরে উত্তীর্ণ করা সম্বন্ধে সিদ্ধান্ত নেবেন। 3-8 শ্রেণীর শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষক প্রিন্সিপালের কাছে একটি প্রোমোশন পোর্টফলিও জমা দেবেন যাতে শিক্ষার্থীর কাজ এবং মূল্যায়ন থাকবে। প্রিন্সিপাল মূল্যায়ন করবেন যে শিক্ষার্থী পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম মানদণ্ড পূরণ করেছে কিনা।

## আমি যদি কোনও "উত্তীর্ণ হওয়া নিয়ে সংশয় আছে" চিঠি না পাই তাহলে কি হবে ?

আপনার সন্তানের স্কুল আনুষ্ঠানিকভাবে আপনাকে না জানালেও তারা আপনার সন্তানকে একই শ্রেণীতে রেখে দিতে পারে - একই শ্রেণীতে থেকে যাওয়া এড়ানোর জন্য তাদের কি করতে হবে সেটা জিজ্ঞাসা করার জন্য ফেব্রুয়ারি মাসের আগে অন্তত একবার আপনার সন্তানের শিক্ষকের সঙ্গে দেখা করা ভালো।

## আমার সন্তানকে যদি বছরের শেষে পরের শ্রেণীতে উত্তীর্ণ না করা হয় তাহলে কি হবে ?

আপনার সন্তানকে উত্তীর্ণ না করা হলে আপনি জুন মাসে একটি চিঠি পাবেন। এই চিঠিতে প্রায়ই সুপারিশ করা হয় যাতে আপনার সন্তান সামার বা গ্রীষ্মকালীন স্কুলে যায়। আপনি যদি আপনার সন্তানকে সামার স্কুলে পাঠাতে চান তাহলে আপনি আগ্রহী সেটা জানিয়ে আপনার সন্তানের প্রিন্সিপালকে একটি জবাবি চিঠি পাঠান। কিন্তু আপনি চিঠি না পেলেও আপনার সন্তানকে একই শ্রেণীতে রেখে দেওয়া হতে পারে।

## আমার সন্তান সামার স্কুলে গেলে কি তাকে পরের শ্রেণীতে উত্তীর্ণ করা হবে ?

নাও হতে পারে। প্রিন্সিপাল অগাস্ট মাসে উত্তীর্ণ করার সিদ্ধান্তের পর্যালোচনা করবেন। জুন মাসে আপনার সন্তানের শিক্ষকের জমা করা প্রমোশন পোর্টফলিওর সঙ্গে সামার স্কুলের কাজ এবং পরীক্ষার স্কোরের মূল্যায়ন করা হবে। সেই সময় যদি আপনার সন্তান উত্তীর্ণ হওয়ার মানদণ্ডের ন্যূনতম আবশ্যকতা পূরণ করে তাহলে তাকে উত্তীর্ণ করা হবে।

## সামার স্কুলের পরে আমার সন্তানকে উত্তীর্ণ না করা হলে আমি কিভাবে আপীল করতে পারি ?

আপনি অগাস্ট মাস শেষ হওয়ার আগে প্রিন্সিপালের কাছে একটি লিখিত আপীল জমা করতে পারেন। সুপারিন্টেনডেন্ট প্রিন্সিপালের সিদ্ধান্তের পর্যালোচনা করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

**এখনো কোনও প্রশ্ন আছে?**

অনুগ্রহ করে জিল চেইফেটজ এডুকেশন হেল্পলাইনে কল করুন

সোমবার থেকে বৃহস্পতিবার • 10am থেকে 4pm • 1-866-427-6033 (নিঃশুল্ক)

এই তথ্যপত্রটি আইনি পরামর্শ প্রদান করে না। এই তথ্যপত্রে AFC-র মতামত উল্লেখ না করে প্রচলিত নীতি এবং আইনগুলির সংক্ষিপ্ত বিবরণ প্রদান করার প্রচেষ্টা করা হয়েছে। আপনার যদি কোনও আইনি সমস্যা হয় তাহলে অনুগ্রহ করে একজন অ্যাটর্নি বা আইনজীবীর সঙ্গে যোগাযোগ করুন।

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইঙ্ক দ্বারা কপিরাইট © অগাস্ট 2015